# জেলার পটভূমি ও নামকরণ

বাংলাদেশের উত্তর জনপদে ব্রক্ষ্মপুত্র ,তিস্তা,ঘাঘট,করতোয়া নদ-নদী পরিবেষ্টিত যমুনা পললভূমির ভূ-প্রাকৃতিক অঞ্চলে গাইবান্ধা জেলা অবস্থিত । এ জেলার ভূ-প্রকৃতি প্রায় সমতল থেকে অসমতল পলল ভূমির ডাংগা, বিল ও চর অঞ্চল নিয়ে গঠিত । প্রায় প্রতিবৎসর নীচু জমি ও চরাঞ্চল বন্যা প্লাবিত হয়। দানাদার ফসল উৎপাদনে গাইবান্ধা উদ্বৃত্ত জেলা । ডাল, তেল,মসলা ও ফলমূলের ঘাটটি রয়েছে । ফসলের নিবিড়তা ২১৯% । জেলার নামকরনে কিংবদন্তী আছে যে, মৎস্য দেশের রাজা বিরাটের রাজধানী ছিল গাইবান্ধার গোবিন্দগঞ্জ এলাকায় । বিরাট রাজার গোধনের কোন তুলনা ছিল না। তার গাভী ছিল ষাট হাজার । নদী তীরবর্তী ঘেসো জমিতে গোশালা স্থাপন করে গাভীগুলোকে বেঁধে রাখা হতো । গাভী বেঁধে রাখার বিষয় থেকে গা্ইবান্ধার নামকরণ হয়েছে বলে ধারণা করা হয় ।